51

দৈনিক খবর

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 JUN 1989
পৃষ্ঠা ...... ১ ...... কলাম ......

সংসদে প্রশ্নোত্তর

# শিক্ষকের শূন্য পদের সংখ্যা বর্তমানে ৮৮৩২

॥ সংসদ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম জানিয়েছেন, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, সরকারী মহাবিদ্যালয়, সরকারী মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের খালি পদের সংখ্যা বর্তমানে ৮ হাজার ৮শ' ৩২।

আবু লেইছ মোহাম্মদ মুবিন চৌধুরীর এক প্রশ্নের জবাবে মন্ত্রী গতকাল সংসদে এ তথ্য জানান। খালি পদের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ৬শ' ৮৮টি, সরকারী কলেজে ১ হাজার ৮শ' ৫০, সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ৪শ' ৯৫ ও সরকারী

৭-এর পাতায় দেখুন

## শিক্ষকের শূন্য পদের সংখ্যা

প্রথম পৃষ্ঠার পর

প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের খালি পদের সংখ্যা ৫ হাজার ৭শ' ৯৯। উক্ত খালি পদ পূরণের পরিকল্পনা সরকারের রয়েছে, বলে তিনি জানান।

কলিমউদ্দিন আহমদের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী শেখ শহীদ বলেন, আপাততঃ প্রাথমিক শিক্ষক নিয়োগ বন্ধ রয়েছে। শিক্ষক নির্বাচনের জন্য নতুন নীতিমালা প্রণয়নের কাজ চলছে। নীতিমালা চূড়ান্তকরণ সাপেক্ষ যথাশীঘ্র নিয়োগ প্রদানের ব্যবস্থা করা হবে। আবদুল মোছাব্বিরের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের সরকারী অনুদান মাসে মাসে প্রদান জুলাই '৮৯ মাস থেকে কার্যকর হবে।

**বছরে ৪ লাখ শিশু নতুন ভর্তি**

সাইফ হাবিবুর রহমান খোকনের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানিয়েছেন, দেশে প্রতিবছর প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৪ লাখ শিশু নতুন ভর্তি হয়। এ পরিমাণ ভর্তি বিদ্যালয় গমনোপযোগী বয়সের সর্বমোট শিশুর শতকরা প্রায় ৭০ ভাগ। একই প্রশ্নের উত্তরে তিনি জানান, বর্তমানে বিদ্যালয় (ড্রপ আউট)-এর শতকরা ১৩ দশমিক ১৮ ভাগ। মোখতার আহমদের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, চলতি পরিকল্পনায় এক হাজার বিদ্যালয় ইতিমধ্যেই সরকারী নিয়ন্ত্রণাধীনে আনায়ন করা হয়েছে। মোস্তাফিজুর রহমানের প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, ১৯৮৮-৮৯ অর্থবছরে দেশে মোট ১শ' ২৪টি নতুন মাধ্যমিক বিদ্যালয় ও ৩৪টি কলেজকে সরকারী অনুদান দেয়া হয়েছে।

**নকল প্রবণতা রোধে**

এস এম নুরুজ্জামানের নকল প্রবণতা রোধ সম্পর্কে এক প্রশ্নের জবাবে শেখ শহীদুল ইসলাম জানান, নকল প্রবণতা প্রতিরোধের ব্যবস্থা নেয়ার ইচ্ছা সরকারের আছে। এ জন্য কেন্দ্রে সুষ্ঠু পরিবেশ বজায় ও নকল প্রবণতা রোধে পরিচালনা কমিটি গঠন করা হয়। এছাড়া ভিজিলেন্স টীম পরিদর্শন করে থাকে। নকলের অপরাধে দোষী ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়। তদুপরি কেন্দ্রসমূহে ১৪৪ ধারা জারি করা হয়। অপর এক প্রশ্নের জবাবে তিনি জানান, উপজেলার বাইরে এখন থেকে কোন পরীক্ষা কেন্দ্র দেয়া হচ্ছে না।

**ইসলামী ও সিলেট বিশ্ববিদ্যালয়**

দবিরউদ্দিন জোয়ারদারের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, সরকারী সিদ্ধান্ত মোতাবেক শান্তিডাংগা-দুলালপুরে ইসলামী বিশ্ববিদ্যালয় পুনঃস্থাপনের কাজ শুরু করার প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে। মওদুদ ইবনে আজিজ লামার অপর প্রশ্নের জবাবে তিনি জানান, সিলেট বিশ্ববিদ্যালয়ের জন্য জমি ক্রয়, জমি উন্নয়ন, একাডেমিক ভবনসহ দু'টি ভবন নির্মাণ কাজ প্রায় সম্পন্ন হয়েছে। একই প্রশ্নের জবাবে তিনি জানান, আগামী বছর ক্লাস শুরু সম্ভব নাও হতে পারে। তবে, ১৯৯০-৯১ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি ও ক্লাস শুরু সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী টিএম গিয়াসউদ্দিন গতকাল সংসদে জানান, দেশে বর্তমানে শিশু পরিবার ও এতিমখানার সংখ্যা ৭৩টি। এসব স্থানে এতিমদের স্বনির্ভর হওয়ার জন্য সাধারণ শিক্ষা, ধর্মীয় শিক্ষাসহ বিভিন্ন প্রকার কারিগরি প্রশিক্ষণ দেয়া হয়, সমাজকল্যাণ মন্ত্রী রেজোয়ানুল হক চৌধুরীর অনুপস্থিতিতে প্রতিমন্ত্রী মফিজুর রহমান রোকনের এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান। নূর মোহাম্মদের অপর এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান, জাতীয় কিশোর সংশোধনী কেন্দ্রে স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত মোট ১ হাজার ৮শ' ২৩ জন কিশোর অপরাধীকে সংশোধন করা হয়েছে। নূরুল ইসলাম মনির অপর এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী জানান, দেশের দুঃস্থ মহিলাদের জন্য কোন আশ্রয় কেন্দ্র নেই।